

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
www.dls.harinakundu.jhenaidah.gov.bd

স্মারক নং-৩৩.০১.৪৪১৪.০০০.৬৫.০০১.২৫-৪৮৩

তারিখ : ১৬.১০.২০২৫ খ্রিঃ

” নিয়োগ বিজ্ঞপ্তি ”

প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন “বিশুদ্ধ জাতের ব্ল্যাক বেঙ্গল ছাগল ও দেশীয় ভেড়া সম্প্রসারণে পাইলট প্রকল্প” এর আওতায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, হরিণাকুন্ডু, ঝিনাইদহে একজন “ ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী ” প্রকল্প চলাকালীন সময়ের জন্য নিয়োগ প্রদান করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট হতে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্মতারিখ, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) সম্বলিত স্বহস্তে লিখিত তথ্যাদি জেলা প্রাণিসম্পদ অফিসার, ঝিনাইদহ ও সভাপতি, “ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী” নির্বাচন কমিটি বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২৩.১০.২০২৫ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

নিয়োগের যোগ্যতা ও শর্তাবলী :

- ১। সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। বয়সঃ ২৫ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ৩। শিক্ষাগত যোগ্যতাঃ নূন্যতম এসএসসি (বিজ্ঞান)/ সমমান পাশ (এইচএসসি/কর্মমুখী শিক্ষায় সনদপ্রাপ্ত এবং পূর্বে প্রাণিসম্পদের কোন প্রকল্পে অথবা এনজিও কর্তৃক বাস্তবায়িত কোন কৃষি সংশ্লিষ্ট প্রকল্পে কর্মরত ছিলেন এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। এ্যানড্রয়েড মোবাইল ফোন থাকতে হবে এবং কম্পিউটার চালানোর দক্ষতা থাকতে হবে।
- ৫। সাদা কাগজে নাম, ঠিকানা, যোগ্যতা, অভিজ্ঞতা ও ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, এনআইডি কার্ডের ফটোকপি, নাগরিক সনদপত্র সংযুক্ত করে আবেদন করতে হবে।

আবেদনপত্রের সাথে যা সংযুক্ত করতে হবে :

- ১। পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি সত্যায়িত ছবি।
 - ২। শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।
 - ৩। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
 - ৪। জাতীয়তা/ নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
 - ৫। প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদ এর সত্যায়িত কপি (যদি থাকে)।
- বি: দ্র: পরীক্ষার তারিখ ও স্থান মুঠোফোনে পরবর্তীতে জানানো হবে।

ডাঃ উজ্জ্বল কুমার কুন্ডু
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

ই-মেইল : ulohorinakondo@gmail.com

কর্পোরেট মোবা: নম্বর: ০১৩২৪-২৮৯৬৭১

স্মারক নং-৩৩.০১.৪৪১৪.০০০.৬৫.০০১.২৫-৪৮৩ (৬)

তারিখ : ১৬.১০.২০২৫ খ্রিঃ ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, বিশুদ্ধ জাতের ব্ল্যাক বেঙ্গল ছাগল ও দেশীয় ভেড়া সম্প্রসারণে পাইলট প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝিনাইদহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
- ৬। উপজেলা কৃষি অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
- ৭। অফিস কপি।